গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৩৫ তারিখ: ৭ কার্তিক ১৪২৮
২৩ অক্টোবর ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেতও দেখাতে হবে না।

**২। আজ ২১ অক্টোবর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯:৩০ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চল সমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণপূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। ২১ অক্টোবর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থাঃ** দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু দেশের উত্তরাঞ্চল থেকে বিদায় নিয়েছে। দক্ষিণপশ্চিম মৌসুমী বায়ু বাংলাদেশের অবশিষ্টাংশ থেকে বিদায়ের জন্য আবহাওয়াগত অবস্থা অনুকূলে আসতে পারে। মৌসুমী বায়ু বাংলাদেশের অন্যত্র কম সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে তা দুর্বল অবস্থায় রয়েছে।

**পূর্বাভাসঃ** চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।**

**৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পেতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩২.২ | ৩১.২ | ৩২.৮ | ৩৩.২ | ৩২.২ | ২৮.৪ | ৩৩.৪ | ৩১.৬ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৩.২ | ২৩.৬ | ২৪.০ | ২৩.৯ | ২৩.৫ | ২২.২ | ২৪.২ | ২৫.৫ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৩.৪$^{o}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২২.২$^{o}$ সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

## ৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস:

- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় তিস্তা নদীর পানি সমতল কাউনিয়া পয়েন্টে হ্রাস পেতে পারে এবং বিপদসীমার নীচে নেমে আসতে পারে।

### ৪ (ক)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
|---|---|---|---|
| বৃদ্ধি | ৭০ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০ |
| হ্রাস | ৩৪ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | **০৫** | **বিপদ সীমার উপরে** | **০১** |

### ৪ (খ)। বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ০৫ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/ ২১ অক্টোবর ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

| ক্রঃ নং | জেলার নাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদ সীমা (মিটার) | বিপদ সীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | লালমনিরহাট | কাউনিয়া | তিস্তা | ২৯.৪৮ | +১৪৮ | ২৯.২০ | +২৮ |

## ৫। বৃষ্টিপাতের তথ্যঃ

**গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গতকাল সকাল ৯.০০টা থেকে আজ সকাল ৯.০০টা পর্যন্ত):**

| স্টেশন | বৃষ্টিপাত (মিমি.) | স্টেশন | বৃষ্টিপাত (মিমি.) | স্টেশন | বৃষ্টিপাত (মিমি.) |
|---|---|---|---|---|---|
| শেওলা | ৮৯.০ | ছাতক | ৮৩.০ | নোয়াখালী | ৭৯.০ |
| কুড়িগ্রাম | ৬৭.০ | লালাখাল | ৬৭.০ | লাটু | ৬৫.০ |
| কানাইঘাট | ৬৪.০ | মহেশখোলা | ৬২.০ | ডালিয়া | ৬০.০ |
| সুনামগঞ্জ | ৬০.০ | গাইবান্ধা | ৫৯.০ | দিনাজপুর | ৫৭.০ |
| টেকনাফ | ৫৪.০ | শেরপুর-সিলেট | ৫৩.০ | দক্ষিণবাগ | ৪৮.০ |

**গত ২৪ ঘন্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:**

| স্টেশন | বৃষ্টিপাত(মিমি.) | স্টেশন | বৃষ্টিপাত(মিমি.) | স্টেশন | বৃষ্টিপাত(মিমি.) |
|---|---|---|---|---|---|
| পাসিঘাট | ৯২.০ | চেরাপুঞ্জি | ৭৫.০ | ধুব্রি | ৫৪.০ |
| শীলচর | ৭২.০ | কৈলাশহর | ৩৪.০ | আইযল | ৩২.০ |

## ৬। বন্যা পরিস্থিতিঃ

**৬(ক) লালমনিরহাটঃ** জেলা প্রশাসক, লালমনিরহাট এর এক পত্রের মাধ্যমে জানা যায় যে, গত দুই দিনের অতিবৃষ্টি ও উজান হতে নেমে আসা পাহাড়ী ঢলে জেলার তিস্তা নদীর ডালিয়া পয়েন্টে পানি বিপদসীমার ৭০ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হয়ে ০৫টি উপজেলার নিম্নাঞ্চল ও চর এলাকা প্লাবিত হয়েছে। তিস্তা ব্যারেজের ধারণ ক্ষমতার অতিরিক্ত পানি প্রবাহের কারণে ব্যারেজ সংলগ্ন

ফ্লাড বাইপাস ওপেন হয়ে রাস্তাটি বিচ্ছিন্ন হয়েছে। তিস্তা নদীর বিভিন্ন স্থানে নতুন করে ভাঙ্গন সৃষ্টি হয়েছে। বন্যা কবলিত এলাকা জেলা প্রশাসক, লালমনিরহাট পরিদর্শন করেছেন এবং নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, লালমনিরহাটকে অবহিত করা হয়েছে। অতিবৃষ্টি ও উজান হতে নেমে আসা পাহাড়ী ঢলের কারণে সৃষ্ট বন্যায় জেলার ৫টি উপজেলার ১৭ ইউনিয়নের ১৭,৪৬৩ টি পরিবারের ৬৯,৮৫২ জন লোক পানিবন্দি হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দ থেকে পানিবন্দি পরিবারের মাঝে ৭০ মেঃ টন জিআর চাল ও ৫,০০,০০০/- টাকা জিআর ক্যাশ উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে।

**৬(খ) কুড়িগ্রামঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন, কুড়িগ্রাম এর এক পত্রের মাধ্যমে জানা যায় যে, জেলার ৩টি উপজেলার ৪ ইউনিয়নের ৭২৫টি পরিবারের ৩,০০০ জন লোক পানিবন্দি হয়েছে।

**৭। অগ্নিকান্ডের তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৯ অক্টোবর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ২০ অক্টোবর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৩ | ২ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ৩ | ০ | ০ |
| ৭। | খুলনা | ২ | ০ | ০ |
| | | | | |
| | **মোট** | **১১** | **২** | **০** |

৭(ক) উল্লেখযোগ্য অগ্নিকান্ডঃ

ঢাকাঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর নিয়ন্ত্রণ কক্ষ থেকে জানানো হয়েছে যে, গত ২০/১০/২০২১ খ্রিঃ তারিখে বিকাল ০৪:১৫ ঘটিকায় আনসার কলোনী, বনানী, ঢাকা এলাকায় একটি তেরতলা ভবনের নিচতলায় বৈদ্যুতিক গোলযোগে আগুন লাগে। ফায়ার সাভিসের দুইটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে বিকাল ০৪:৪৫ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। এ অগ্নিকান্ডে দুইজন আহত হয়।

**৮ (ক)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:**

| ক্রঃ নং | ত্রাণ কার্যক্রমের নাম | বরাদ্দের পরিমাণ | | |
|---|---|---|---|---|
| | | চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ২১/১০/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত) | বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত | মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (৩+৪) |
| ১ | **৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ** | **১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা** | - | **১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা** |
| ২ | ত্রাণ কার্য (নগদ অর্থ) | ৩৯,৩৮,৮৯,০০০/- (উনচল্লিশ কোটি আটত্রিশ লক্ষ উননব্বই হাজার) টাকা | ১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পাঁচশত এগার) টাকা | ১০৫০,৫২,২১,৫১১/- (এক হাজার পঁঞ্চাশ কোটি বায়ান্ন লক্ষ একুশ হাজার পাঁচশত এগারো) টাকা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | চাল | ১,৬২,১১৮.৫১<br>(এক লক্ষ বাষট্টি হাজার একশত আঠার দশমিক পাঁচ এক) মে: টন | ৪,৪৪,৫৪২<br>(চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন | ৬,০৬,৬৬০.৫১<br>(ছয় লক্ষ ছয় হাজার ছয়শত ষাট দশমিক পাঁচ এক) মে. টন |
| ৪ | শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম)] | ৩৪,২৫১<br>(চৌত্রিশ হাজার দুইশত একান্ন) প্যাকেট | ৬,৮৭,৭০০<br>(ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট | ৭,২১,৯৫১<br>(সাত লক্ষ একুশ হাজার নয়শত একান্ন) প্যাকেট |
| ৫ | ঢেউটিন | ১,৩০০ বান্ডিল | ৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল | ৩৩,১০০ (তেত্রিশ হাজার একশত) বান্ডিল |
| ৬ | গৃহ নির্মাণ মঞ্জুরী | ৩৯,০০,০০০/- টাকা | ৯,৫৪,০০,০০০/-<br>(নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা | ৯,৯৩,০০,০০০/-<br>(নয় কোটি তিরানব্বই লক্ষ) টাকা |
| ৭। | সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী | ৭০০ কার্টুন | - | ৭০০ কার্টুন |

**৮ (খ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (২০/১০/২০২১ তারিখ পর্যন্ত):**

| ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা | সকল জেলা (পৌরসভাসহ) | সকল সিটি করপোরেশন | সর্বমোট |
|---|---|---|---|
| উপকারভোগী পরিবার সংখ্যা | ৩,১৬,৪৪৬ টি | ১২,৩০৪ টি | **৩,২৮,৭৫০ টি** |
| উপকারভোগী লোক সংখ্যা | ১৫,৭৮,৭৬৫ জন | ৫৯,৮৯৭ জন | **১৬,৩৮,৬৬২ জন** |

**৯। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।**

২৩-১০-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১এনডিআরসিসি অনুবিভাগদুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:
controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৩৫/১(১৭১)

তারিখ: ৭ কার্তিক ১৪২৮
২৩ অক্টোবর ২০২১

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৭) বিভাগীয় কমিশনার (সকল)

৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯) জেলা প্রশাসক (সকল)

১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২৩-১০-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা